

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৫৭.০৩১.১৯.৫৫৭

তারিখঃ ১৫/৯/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচিতে তালিকা মোতাবেক নতুন করে অতিদরিদ্র উপকারভোগী অন্তর্ভুক্ত করে সেপ্টেম্বর, ২০২১ থেকেই নতুন তালিকাভুক্তদের মাঝে চাল বিতরণপূর্বক তালিকা প্রেরণ।

সূত্রঃ ১। খাদ্য মন্ত্রণালয়ের ১৯/০৮/২০২১ খ্রিঃ তারিখের ১৪৯ নং স্মারক।

২। সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগের ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৫৪৩/১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের সূত্রস্থ ১ নং স্মারকে উপজেলা অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচিতে নতুন করে যে সংখ্যক উপকারভোগী অন্তর্ভুক্ত করা যাবে সে তালিকা প্রস্তুত করে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং জরুরি ভিত্তিতে যথাযথভাবে নীতিমালা অনুসরণ করে উপকারভোগী বাছাইপূর্বক সেপ্টেম্বর, ২০২১ এ চালু হওয়া খাদ্যবান্ধব কর্মসূচিতে ২২৪টি উপজেলায় ৪৬,৬১৫ জন নতুন উপকারভোগীকে অন্তর্ভুক্ত করে খাদ্যশস্য বিতরণপূর্বক আবশ্যিকভাবে তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের সূত্রস্থ ২ নং স্মারকে সংশ্লিষ্ট খাদ্যবান্ধব কমিটির সহযোগীতায় (ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি ও উপজেলা খাদ্যবান্ধব কমিটি) নির্ধারিত সংখ্যক (সংযুক্ত তালিকা মোতাবেক) অতিদরিদ্র উপকারভোগী বাছাইপূর্বক তালিকায় অন্তর্ভুক্ত করে সেপ্টেম্বর'২০২১ এ চালু হওয়া খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণের ব্যবস্থা গ্রহণপূর্বক গত ০৯/০৯/২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে উক্ত তালিকা অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি হালনাগাদ তালিকা অত্র দপ্তরে প্রেরণ করা হয় নি।

এক্ষণে, জরুরি ভিত্তিতে আগামী ১৬/০৯/২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে উক্ত তালিকা অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।



১৫/৯/২০২১


মো: আফিফ-আল-মাহমুদ ভূঁঞা

উপ-পরিচালক

dsdm@dgfood.gov.bd

প্রাপকঃ

জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)



স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৫৭.০৩১.১৯.৫৫৭/১(১২)

সদয় অবগতিঃ

তারিখঃ ১৫/০৯/২০২১ খ্রিঃ।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।

৪। উপ-সচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



১৫/৯/২০২১

মো: আফিফ-আল-মাহমুদ ভূঁঞা

উপ-পরিচালক

